



স্মারক নং- নোবিপ্রবি/সবি/এমএসএস/ভ-বি/০১/২৪/ ৬০২

তারিখ: ০৩-১১-২০২৪

সমাজবিজ্ঞান বিভাগে ২০২২-২০২৩ স্নাতকোত্তর (মাস্টার্স) শিক্ষাবর্ষের ভর্তি বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর (মাস্টার্স) (Master of Social Sciences) এ ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের অফিস চলাকালীন বিভাগীয় অফিস থেকে আগামী ০৫ নভেম্বর ২০২৪ থেকে ২৪ নভেম্বর ২০২৪ তারিখের মধ্যে আবেদন ফরম সংগ্রহ ও জমা দিতে হবে। আবেদন ফরমের মূল্য ১২০০/- (এক হাজার দুইশত) টাকা। ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত সময়ে ভর্তির তালিকা প্রকাশ করা হবে। ভর্তির সময় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফি জমা দিতে হবে। সম্ভাব্য ভর্তি পরীক্ষার তারিখ ২৬ নভেম্বর ২০২৪।

ডিগ্রি: Master of Social Sciences in Sociology

ভর্তির যোগ্যতা:

- ১। প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা অন্য যে কোনো স্বীকৃত পাবলিক এবং প্রাইভেট বিশ্ববিদ্যালয় থেকে সমাজবিজ্ঞান বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রিধারী হতে হবে। যাদের স্নাতক (সম্মান) শ্রেণির শিক্ষাবর্ষ ২০১৭-১৮ অথবা ২০১৮-১৯ শুধুমাত্র তারা ই আবেদন করতে পারবেন।
- ২। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) পর্যায়ে ন্যূনতম সিজিপিএ ২.৫ থাকতে হবে এবং বহিঃ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) পর্যায়ে ন্যূনতম সিজিপিএ ২.৭৫ থাকতে হবে।
- ৩। স্নাতক বিশেষ পরীক্ষায় অংশগ্রহণকারী অভ্যন্তরীণ শিক্ষার্থীরা ভর্তির আবেদন করতে পারবে। তবে শর্ত থাকে যে, পরীক্ষার্থীদের সর্বনিম্ন সিজিপিএ ২.৫ পেয়ে উত্তীর্ণ হতে হবে।
- ৪। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে মৌখিক পরীক্ষায় এবং বহিঃ প্রার্থীদের ক্ষেত্রে প্রয়োজনবোধে লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ৫। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে

১. শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট/মার্কশিট এবং সার্টিফিকেট এর সত্যায়িত কপি।
২. সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র।
৩. ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত সাম্প্রতিক ছবি।
৪. চাকুরিরত প্রার্থীকে নিজ নিজ নিয়োগকর্তার নিকট হতে অধ্যয়নকালীন সময়ে ক্রাশে যোগদান ও শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য দুই সেমিস্টার ব্যাপী সময়কাল অর্থ্যাৎ ১২(বারো) মাসের ছুটি প্রদান করা হবে এই মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে।
৫. ভর্তি ফরম ফরমের রসিদ (মানি রিসিট) এর ফটোকপি সংযুক্ত করতে হবে।

Shahana
03.11.24

শাহানা জ আক্তার
চেয়ারম্যান(ভারপ্রাপ্ত)
সমাজবিজ্ঞান বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

অনুলিপি :

১. ডিন, সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদ, নোবিপ্রবি।
২. রেজিস্ট্রার, নোবিপ্রবি।
৩. হিসাব পরিচালক (ভারপ্রাপ্ত), নোবিপ্রবি।
৪. পরিচালক(ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, নোবিপ্রবি (প্রকাশ ও প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৫. পরিচালক, সাইবার সেন্টার, নোবিপ্রবি (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।

Approved
Shahana
03.11.24

Shahana Akter
Assistant Professor
Department of Sociology
Social Science & Technology University
Noakhali-3814

MD ROKIAZAHAMMAD
Department of Sociology
Social Science & Technology University
Noakhali-3814

Mohibul Islam
Lecturer
Department of Sociology
Social Science & Technology University
Noakhali-3814

Shirin
03.11.24

Dr. Shirin Akter
Chairman & Associate Professor
Department of English
Noakhali Science & Technology University
Noakhali-3814